রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, অক্টোবর ১২, ২০০৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**

জাহাজ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আশ্বিন ১৪১৩/১১ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৪৭-আইন/২০০৬।—Inland Shipping Ordinance, 1976 (LXX II of 1976) এর section 82, section 5C(4) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব করিতেছে, যাহা উক্ত Ordinance এর section 82(1) এর বিধান মোতাবেক এতদ্বারা প্রাক-প্রকাশ করা হইল, যথা ঃ—

প্রস্তাবিত বিধিমালা

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা ক্লাসিফিকেশন সোসাইটি (ফি নির্ধারণ ও আদায় পদ্ধতি) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক সম্পাদিত কাজের ফি এর প্রাপ্যতা, ইত্যাদি।**—(১) Inland Shipping Ordinance, 1976 (Ord. No. LXX II of 1976) এর sections 5A, 5B ও 5C এর উদ্দেশ্য পূরণকল্পে অভ্যন্তরীণ নৌ-যানের নকশা অনুমোদন, সার্ভে, নির্মাণ তদারকী এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্য সম্পাদনের জন্য ক্লাসিফিকেশন সোসাইটি তফসিল-১ ও তফসিল-২ এ বর্ণিত ফি-এর সর্বোচ্চ শতকরা ৬০ ভাগ হারে প্রাপ্য হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক প্রাপ্ত অর্থের শতকরা অন্যূন ১০ ভাগ পরিমাণ অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তর এর অধীন পরিচালিত গবেষণা ও উন্নয়ন ফান্ডে বিধি ৩ এর উপ-বিধি (৩) এ বর্ণিত পদ্ধতিতে জমা করিতে হইবে।

-৭৮-

(২) উপ-বিধি (১) এর শর্তাংশে উল্লিখিত গবেষণা ও উন্নয়ন ফান্ডে জমাকৃত অর্থ মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, অতঃপর মহাপরিচালক বলিয়া উল্লিখিত, কর্তৃক উক্ত খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয়িত হইবে না।

(৩) উপ-বিধি (১) অনুসারে ক্লাসিফিকেশন সোসাইটিকে তাহার প্রাপ্য ফি পরিশোধের পর আদায়কৃত ফি এর বাকী অর্থের শতকরা অন্যূন ৪০ ভাগ অর্থ বিধি-৩ এর উপ-বিধি (৩) এ বর্ণিত উপায়ে সরকারী কোষাগারে জমা করিতে হইবে।

৩। **ফি আদায় পদ্ধতি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সার্ভিস গ্রহণকারী জাহাজের মালিক বা প্রতিষ্ঠান বা তাহাদের প্রতিনিধি কার্য সম্পাদনের জন্য তফসিল-১ ও তফসিল-২ এ, ক্ষেত্রমত প্রযোজ্য, বর্ণিত ফি যে কোন সিডিউল ব্যাংক হইতে প্রদত্ত ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে মহাপরিচালক এর অনুকূলে প্রদান করিবে এবং তাঁহার পক্ষে সংশ্লিষ্ট ক্লাসিফিকেশন সোসাইটি উক্ত ব্যাংক ড্রাফট বা পে অর্ডার গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে গৃহীত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ক্লাসিফিকেশন সোসাইটি মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে ০৭ (সাত) দিনের মধ্যে জমাদানপূর্বক জমা রসিদের মূল কপি মহাপরিচালকের নিকট জমা দিবে এবং উহার সত্যায়িত ফটোকপি সংরক্ষণ করিবে।

(৩) মহাপরিচালক বিধি ২-এ বর্ণিত হারে প্রাপ্য হিস্যা বা অর্থ সংশ্লিষ্ট ক্লাসিফিকেশন সোসাইটি এবং গবেষণা ও উন্নয়ন ফান্ডে ক্রসড চেকের মাধ্যমে প্রদান করিবেন এবং সরকারী কোষাগারে চালানের মাধ্যমে জমা দিবেন।

৪। **কর প্রদান, ইত্যাদি।**—ক্লাসিফিকেশন সোসাইটিকে বিধি ২ এর উপ-বিধি (১) অনুসারে শতকরা সর্বোচ্চ ৫০ ভাগ হারে অর্থ প্রাপ্তির পর উহার উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বা, ক্ষেত্রমত প্রযোজ্য, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময়, নির্দিষ্টকৃত বা নির্ধারিত আয়কর, উৎস কর বা মূল্য সংযোজন কর, যদি থাকে, প্রদান বা কর্তন করিতে হইবে।

৫। **হিসাব রক্ষণ।**—মহাপরিচালক বিধি ৩ অনুসারে আদায়কৃত ফি এবং উহার বন্টন সম্পর্কিত তথ্যাদি তদ্‌কর্তৃক নির্ধারিত এবং নির্দিষ্টকৃত রেজিস্টারে সংরক্ষণের ব্যবস্থা করিবেন এবং উক্তরূপ সংরক্ষণের ক্ষেত্রে সরকারী আর্থিক বিধি-বিধান সম্পর্কিত বিধানাবলী ও নিয়মাবলী অনুসৃত হইবে।

## তফসিল-১

### ( বিধি ২ দ্রষ্টব্য )

### অভ্যন্তরীণ নৌযানের নতুন নির্মাণ, নকশা অনুমোদন, নির্মাণ তদারকী, ইত্যাদি কাজের জন্য পরিশোধিতব্য ফি

| ক্রঃ নং | সম্পাদিত কাজ | নির্ধারিত ফি প্রতি ক্ষেত্রে (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | নতুন নির্মাণ তদারকী ঃ | |
| | (ক) নির্মাণ ব্যয় টাকা ৫০,০০০.০০ টাকা পর্যন্ত; | নির্মাণ ব্যয়ের ৭.৫% হারে |
| | (খ) নির্মাণ ব্যয় টাকা ৫০,০০১.০০ টাকা হতে টাকা ১০০,০০০.০০ পর্যন্ত; | নির্মাণ ব্যয়ের ৬% হারে (সর্বনিম্ন ৩৭৫০.০০) |
| | (গ) নির্মাণ ব্যয় টাকা ১০০,০০০.০০ এর উর্ধ্বে | নির্মাণ ব্যয়ের ৪.৫% হারে (সর্বনিম্ন ৬০০০.০০) |
| (২) | মেরামত তদারকী | চুক্তি মূল্যের উপর ৫% হারে |
| (৩) | ষ্টোয়েজ নকশা অনুমোদন | ১২৫০.০০ |
| (৪) | নৌ-যান কার্ভিং ও মার্কিং | ৬০০.০০ |
| (৫) | নৌ-যানের রেজিস্ট্রেশন ও সনদপত্রের ডুপ্লিকেট সরবরাহ | ১২৫০.০০ |
| (৬) | বিলম্বজনিত কারণে জরিমানা | ১০০.০০ প্রতিদিন। |

## তফসিল-২

| ক্রঃ নং | সম্পাদিত কাজ | নির্ধারিত ফি প্রতি ক্ষেত্রে (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | সার্ভে ঃ বাৎসরিক ডকিং, বিশেষ, টনেজ, প্রি-রেজিস্ট্রেশন, কন্ডিশন, দূষণ নিয়ন্ত্রণ, ইত্যাদি ঃ | |
| | (ক) অনূর্ধ্ব ২৫ গ্রস টন | ৪০০.০০ |
| | (খ) ২৫ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৫০ গ্রস টন | ৫৫০.০০ |
| | (গ) ৫০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৭৫ গ্রস টন | ৬৭০.০০ |
| | (ঘ) ৭৫ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ১০০ গ্রস টন | ৮০০.০০ |
| | (ঙ) ১০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৩০০ গ্রস টন | ৯৫০.০০ |
| | (চ) ৩০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৬০০ গ্রস টন | ১১০০.০০ |
| | (ছ) ৬০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৯০০ গ্রস টন | ১২৫০.০০ |
| | (জ) ৯০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ১২০০ গ্রস টন | ১৩৫০.০০ |
| | (ঝ) ১২০০ গ্রস টনের উপরে | ১৩৫০.০০+১৬০.০০ (প্রতি ৩০০ জিটি বা তার অংশ বিশেষের জন্য)। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| (২) | **অব্যাহতি সনদ প্রদান ঃ** | |
| | (ক) অনূর্ধ্ব ২৫ গ্রস টন | ৫০০.০০ |
| | (খ) ২৫ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৫০ গ্রস টন | ৬৫০.০০ |
| | (গ) ৫০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৭৫ গ্রস টন | ৮০০.০০ |
| | (ঘ) ৭৫ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ১০০ গ্রস টন | ১০০০.০০ |
| | (ঙ) ১০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৩০০ গ্রস টন | ১২০০.০০ |
| | (চ) ৩০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৬০০ গ্রস টন | ১৫০০.০০ |
| | (ছ) ৬০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ৯০০ গ্রস টন | ১৮০০.০০ |
| | (জ) ৯০০ গ্রস টনের উপরে অনূর্ধ্ব ১২০০ গ্রস টন | ২০০০.০০ |
| | (ঝ) ১২০০ গ্রস টনের উপরে | ২৫০০.০০ |
| (৩) | **নক্‌শা অনুমোদন ঃ** | |
| | (ক) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৪০ মিটার পর্যন্ত | ৭৫০০.০০ |
| | (খ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটার পর্যন্ত | ১০০০০.০০ |
| | (গ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটারের উর্ধ্বে | ১৫০০০.০০ |
| (৪) | **ডিজাইন মডিফিকেশন ঃ** | |
| | (ক) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৪০ মিটার পর্যন্ত | ২০০০.০০ |
| | (খ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটার পর্যন্ত | ৩৫০০.০০ |
| | (গ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটারের উর্ধ্বে | ৫০০০.০০ |
| (৫) | **ইনক্লাইনিং টেষ্ট ঃ** | |
| | (ক) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৪০ মিটার পর্যন্ত | ৭৫০০.০০ |
| | (খ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটার পর্যন্ত | ১০০০০.০০ |
| | (গ) সার্বিক দৈর্ঘ্য অনূর্ধ্ব ৫০ মিটারের উর্ধ্বে | ১৫০০০.০০ |
| (৬) | **বিবিধ ফি (উপরে নির্দিষ্টকৃত নয় এমন যে কোন সার্ভিস)** | ১০০০.০০ |

৬। প্রস্তাবিত এই বিধিমালা সম্পর্কে কাহারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইলে সরকার উহা বিবেচনা করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।